# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**15-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ পাঁচদেশ সফরের প্রথম পর্যায়ে আবুধাবি পৌঁছেছেন । ছ'দিনের এই সফরে তিনি সংযুক্ত আরব আমিরশাহী, নেদারল্যান্ডস,সুইডেন, নরওয়ে ও ইতালিতে যাচ্ছেন।

২) বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন , উন্নত ও কার্যকর বহুপাক্ষিকতার লক্ষ্যকে এগিয়ে নিতে ভারত সকল অংশীদারের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

৩) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং অন্ধপ্রদেশের পুট্টাপার্থিতে অ্যাডভান্সড মিডিয়াম কমব্যাট এয়ারক্রাফ্ট প্রোগ্রামের নতুন পরিকাঠামোর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

৪) নিট UG র বাতিল পরীক্ষা একুশে জুন আবার নেওয়া হবে।

৫) রথীন্দ্র বোস পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন।

ooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পাঁচ দেশ সফরের প্রথম পর্যায়ে আবুধাবি পৌঁছেছেন। ৬ দিনের এই সফরে তিনি সকালে সংযুক্ত আরব

আমিরশাহী, নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে এবং ইতালি যাচ্ছেন। তিনি সেদেশের রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে সাক্ষাৎ করেছেন। দুই নেতা দ্বিপাক্ষিক বিষয়, বিশেষ করে জ্বালানি সহযোগিতা, এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে মতবিনিময় করছেন।

( বাইট – প্রধানমন্ত্রী)

oooooooooooooooooooooo

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন , উন্নত ও কার্যকর বহুপাক্ষিকতার লক্ষ্যকে এগিয়ে নিতে ভারত সকল অংশীদারের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। নতুনদিল্লিতে ব্রিকস বিদেশমন্ত্রীদের বৈঠকের দ্বিতীয় দিনের উন্মুক্ত অধিবেশনে ভাষণে ডঃ জয়শঙ্কর বলেন , আন্তর্জাতিক আর্থিক কাঠামো সংস্কারের জরুরি প্রয়োজন রয়েছে। বিদেশমন্ত্রী বলেন , ভারত ধারাবাহিকভাবে উন্নত বহুপাক্ষিকতার পক্ষে কথা বলেছে, যা বর্তমান বাস্তবতার ভিত্তিতে উদীয়মান বাজার ও উন্নয়নশীল দেশগুলির প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তিনি বলেন যে, প্রতিটি দেশকে কেবল বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার জন্যই নয়, বরং আরও গণতান্ত্রিক, প্রতিনিধিত্বমূলক এবং ন্যায়সঙ্গত একটি আন্তর্জাতিক ব্যবস্থা গড়ে তোলার জন্য একযোগ কাজ করতে হবে। ডঃ জয়শঙ্কর আরও বলেন যে, সংস্কারকৃত বহুপাক্ষিকতা অবশ্যই সার্বভৌমত্ব ও ভূখণ্ডের অখণ্ডতার প্রতি শ্রদ্ধা, আন্তর্জাতিক আইন মেনে চলা এবং বিভিন্ন জাতীয় পরিস্থিতির স্বীকৃতির উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হতে হবে।

(বাইট – জয়শঙ্কর)

oooooooooooooooooooooo

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ নতুনদিল্লিতে ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে সাক্ষাতে পশ্চিম এশিয়ার পরিস্থিতি এবং এর প্রভাব নিয়ে আলোচনা করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে শ্রী জয়শঙ্কর জানিয়েছেন , তাঁদের মধ্যে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট দ্বিপাক্ষিক বিষয় নিয়েও মতবিনিময় হয়েছে । ডঃ

জয়শঙ্কর ২০২৬ সালের ব্রিকস বিদেশমন্ত্রীদের বৈঠকে আব্বাস আরাঘচির অংশগ্রহণে সন্তোষ ব্যক্ত করেন।

ooooooooooooooooooooooo

ভারতের প্রতিরক্ষা ব্যাবস্থায় স্বনির্ভরতা ও মহাকাশ গবেষণায় সক্ষমতা আরও শক্তিশালী করার লক্ষ্যে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং অন্ধ্রপ্রদেশের শ্রী সত্য সাই জেলার পুট্টাপার্থিতে অ্যাডভান্সড মিডিয়াম কমব্যাট এয়ারক্রাফ্ট - AMCA প্রোগ্রাম-এর নতুন পরিকাঠামোর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই অনুষ্ঠানে অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডুও উপস্থিত রয়েছেন।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, সরকার শিক্ষার্থীদের প্রতি সংবেদনশীল এবং তাদের ভবিষ্যৎ সরকারের অগ্রাধিকার । নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন , জাতীয় পরীক্ষা সংস্থা- এনটিএ আগামী মাসের ২১ তারিখে পুনরায় NEET UG ২০২৬ পরীক্ষা নেওয়ার তারিখ ঘোষণা করেছে। তিনি জানান, প্রশ্ন ফাঁসের তদন্তের দায়িত্ব সিবিআই-কে দেওয়া হয়েছে।

শ্রী প্রধান বলেন, পরীক্ষার্থীরা আগামী মাসের ১৪ তারিখের মধ্যে পরীক্ষার অ্যাডমিট কার্ড পেয়ে যাবেন।

(বাইট – ধর্মেন্দ্র প্রধান)

শিক্ষামন্ত্রী আরও বলেন , আগামী বছর থেকে NEET UG পরীক্ষা প্রচলিত OMR পদ্ধতির পরিবর্তে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা - CBT পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

ooooooooooooooooooooo

আন্তর্জাতিক জ্বালানি তেলের দামে উর্ধ্বগতির প্রেক্ষিতে দেশে তেল সংস্থাগুলি পেট্রোল ডিজেলের দাম লিটার প্রতি ৩ টাকা করে বাড়িয়েছে। নতুন দিল্লিতে পেট্রোলের

দাম প্রতি লিটারে ৯৪.৭৭ টাকা থেকে বেড়ে ৯৭ টাকা ৭৭ পয়সা হয়েছে। অন্যদিকে, ডিজেলের দাম ৮৭ টাকা ৬৭ পয়সা থেকে বেড়ে ৯০ টাকা ৬৭ পয়সা হয়েছে।
পাশাপাশি মুম্বইতে পেট্রোলের বর্ধিত মূল্য হয়েছে লিটার পিছু ১০৬ টাকা ৬৮ পয়সা, ডিজেলের দাম বেড়ে হয়েছে ৯৩ টাকা ১৪ পয়সা। কলকাতায় পেট্রোলের দাম বেড়ে লিটার প্রতি ১০৮ টাকা ৭৪ পয়সা এবং ডিজেলে বর্ধিত দাম হয়েছে ৯৫ টাকা ১৩ পয়সা। চেন্নাইতে লিটার পিছু পেট্রোলের দাম বেড়ে হয়েছে ১০৩ টাকা ৭৭ পয়সা, ডিজেলের দাম হয়েছে ৯৫ টাকা ৩৫ পয়সা।

oooooooooooooooooooooo

রেলমন্ত্রক রাজ্যের জন্য তিনটি নতুন রেল প্রকল্প অনুমোদন করেছে। আজ এই মর্মে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কে চিঠি পাঠানো হয়েছে। জলপাইগুড়ি-শিলিগুড়ি প্রায় সাড়ে সাত কিলোমিটার রেলপথ ডবল লাইন করা, কলকাতা থেকে খড়গপুর হয়ে জয়পুর পর্যন্ত সাঁতরাগাছি-খাতিপুরা এক্সপ্রেস 18061/18062 চালু এবং শালবনি আদ্রা 107 কিলোমিটার রেললাইন তৈরীর বিস্তারিত প্রকল্প রিপোর্ট DPR এবং ফাইনাল এলাকা পরিদর্শন FLS শীঘ্র করার অনুমতি দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু। আজ বিধানসভার বিশেষ অধিবেশনে সর্বসম্মতিক্রমে তিনি অধ্যক্ষ নির্বাচিত হন। তাঁকে অভিনন্দন জানিয়ে বিধানসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বহু দলীয় গণতান্ত্রিক পরম্পরা মেনেই বিধানসভা এগিয়ে যাবে। বিরোধীরা অধিবেশন বানচালের চেষ্টা করবে না এবং গঠনমূলক বিরোধিতার পরিবেশ বজায় থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অন্যান্য রাজ্যের মতো পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যক্রমও সাধারণ মানুষের সামনে আরও স্বচ্ছভাবে তুলে ধরতে প্রশ্নোত্তর পর্ব, বিল, বাজেট, কলিং অ্যাটেনশন, জিরো

আওয়ার এবং বিভিন্ন বিতর্ক সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করার জন্য নতুন অধ্যক্ষের কাছে আবেদন জানান তিনি। বক্তৃতায় সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের গুরুত্বের কথাও তুলে ধরেন মুখ্যমন্ত্রী।

(বাইট – শুভেন্দু/বিরোধী দল)

একই সঙ্গে তিনি জানান, সব দলের বিধায়কদের জন্য সরকারের দরজা খোলা থাকবে। কোনও বিধায়ক চিঠি দিলে তার উত্তর এবং প্রাপ্তিস্বীকার দেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি। মন্ত্রীদেরও নির্দেশ দেওয়া হবে যাতে এলাকার বিধায়ক যে দলেরই হোন না কেন, প্রশাসনিক কাজে তাঁকে গুরুত্ব দেওয়া হয়।

রাজ্যের নবনির্বাচিত বিরোধী দলনেতা শোভন দেব চট্টোপাধ্যায়, বিরোধী আইএসেফ কংগ্রেস সিপিআইএম এবং আম জনতা উন্নয়ন পার্টি নবনির্বাচিত সদস্যরা অধ্যক্ষ কে ধন্যবাদ জানান।।

oooooooooooooooooooooo

কেরালামের পরবর্তী মুখ্যমন্ত্রী হিসাবে আগামী সোমবার শপথ নেবেন ভিডি সতীশন। নতুন মন্ত্রিসভার সদস্যরাও ওইদিনই শপথগ্রহণ করবেন বলে ইউডিএফ-এর সূত্রে জানানো হয়েছে। জোটের অন্যান্য দল থেকে কোন বিধায়ক কোন দফতরের মন্ত্রী হবেন তা নিয়েও জল্পনা শুরু হয়েছে।

oooooooooooooooooooooo

আকাশবাণীর গৌরবময় পথচলার ৯০ বছর পূর্তি উদযাপন করতে আজ ছত্তিশগড়ের রায়পুরে একটি বিশেষ ওয়াক্যাথন বা পদযাত্রার আয়োজন করা হয়। আজ সকাল সাতটা নাগাদ সিভিল লাইনস এলাকায় আকাশবাণী ভবন থেকে এই পদযাত্রা শুরু হয়। শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে অনুষ্ঠানটি পুনরায় আকাশবাণী চত্বরেই এসে শেষ হয়। আকাশবাণী রায়পুর কেন্দ্রের এই আয়োজনে বর্তমান কর্মীদের পাশাপাশি অবসরপ্রাপ্ত আধিকারিক, সংবাদ পাঠক, বিশিষ্ট নাগরিক এবং বিপুল সংখ্যক উৎসাহী শ্রোতা অংশগ্রহণ করেন।

oooooooooooooooooooooo

'অপারেশন এপিক ফিউরি' সামরিক অভিযানে ইরানের সামরিক শক্তিকে সাংঘাতিক নড়বড়ে করে দেওয়া হয়েছে বলে মার্কিন প্রশাসন জানিয়েছে।

মার্কিন সেনেটে অ্যাডমিরাল চার্লস কুপার টু সাংসদদের জানান যে, 'অপারেশন এপিক ফিউরি' ইরানের প্রায় ৯০ শতাংশ ক্ষেপণাস্ত্র, ড্রোন এবং নৌ পরিকাঠামো ক্ষতিগ্রস্ত করেছে। তিনি বলেন, ইরানের নৌবাহিনীর আগের অবস্থায় ফিরতে এক প্রজন্ম সময় লাগতে পারে, তেহরান এখন আর আগের মতো বড় আকারের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলাও চালাতে পারবে না।

রিপাবলিকান সেনেটররা এই অভিযানকে সমর্থন করে বলেছেন, ইরান দীর্ঘদিন ধরে সন্ত্রাসবাদকে মদত দিয়ে আসছে যা মার্কিন স্বার্থের পক্ষে এক চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তবে ডেমোক্র্যাটরা মার্কিন প্রশাসনের এই দৃষ্টিভঙ্গির কড়া সমালোচনা করেছেন।

oooooooooooooooooooooo

আইপিএল-এর আজকের ম্যাচে লক্ষ্ণৌ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে চেন্নাই সুপার কিংস। লক্ষ্ণৌতে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo